



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শারীরিক শিক্ষা বিভাগ  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৩১.০২.১৫/৪০৯৫

তারিখ : ০৮ নভেম্বর ২০২২খ্রি.

### সভার বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির 'কার্যনির্বাহী পরিষদের' সভা আগামী ২৪-১১-২০২২খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

অধ্যাপক নেহাল আহমেদ, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং সভাপতি, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি-সভায় সভাপতিত্ব করবেন। উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভায় উপস্থিত সরকারি কর্মকর্তাগণ বিধি মোতাবেক স্ব স্ব প্রতিষ্ঠান থেকে টি.এ/ডি.এ পাবেন।

#### আলোচ্যসূচি:

- ০১। গত ২৫-১১-২০২১খ্রি. তারিখের কার্যনির্বাহী সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও নিশ্চিতকরণ।
- ০২। ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সম্ভাব্য সময়সূচি (শিক্ষা প্রতিষ্ঠান হতে জাতীয় পর্যায়ে পর্যন্ত) সম্বন্ধে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৩। ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার স্থান নির্ধারণ সম্বন্ধে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৪। ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে স্বাগতিক শিক্ষা বোর্ড কর্তৃক সাংগঠনিক কমিটি ও বিভিন্ন উপ কমিটি গঠন করে কেন্দ্রে প্রেরণ সম্বন্ধে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৫। ৫১তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি, বিশেষ অতিথি ও সভাপতি নির্ধারণ সম্বন্ধে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ০৬। জাতীয় পর্যায়ে চূড়ান্তভাবে উত্তীর্ণ শিক্ষার্থী খেলোয়াড়দের স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি গঠন, মেডিক্যাল টিম গঠন, আবাসন বিষয়ে আলোচনা।
- ০৭। ঢাকা মহানগরের অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গ্রীষ্মকালীন এবং শীতকালীন জাতীয় ক্রীড়ায় অংশগ্রহণ করেনা, সে বিষয়ে কি পদক্ষেপ নেয়া যায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।
- ০৮। বিবিধ।

স্বা/ঃ অধ্যাপক নেহাল আহমেদ

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ও

সভাপতি

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।

অপর পৃষ্ঠা দেখুন

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/বিকেএসপি, ঢাকা।
- ০২। পরিচালক,(কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরি: ও উন্নয়ন/প্রশিক্ষণ/ মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন/ অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ০৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।
- ০৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
- ০৬। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।
- ০৭। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ০৮। অধ্যক্ষ,.....।
- ০৯। উপ-পরিচালক, (সা:প্র:/মাধ্যমিক/বিশেষ/কলেজ-১,২/পরি:উন্নয়ন/প্রশিক্ষণ)মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকা।
- ১০। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
- ১১। উপ-পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।
- ১২। সহকারী পরিচালক,( সা:প্র:/বিশেষ/মা-১/শা:শি:-১/২)মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ১৩। বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ রাজশাহী/ ময়মনসিংহ/ রংপুর/ খুলনা/কুমিল্লা অঞ্চল।
- ১৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা।
- ১৫। শারীরিক শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী /কুমিল্লা/ যশোর/ চট্টগ্রাম/ সিলেট/ বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৬। জেলা ক্রীড়া অফিসার, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা।
- ১৭। প্রধান শিক্ষক,.....।
- ১৮। সিস্টেম অ্যানালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা (মাউশির ওয়েব সাইটে -এ প্রকাশের অনুরোধসহ)।
- ১৯। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, শারীরিক শিক্ষা বিভাগের ওয়েব সাইট [www.phyedu.org](http://www.phyedu.org) তে প্রকাশের অনুরোধ করা হলো।
- ২০। সংরক্ষণ নথি।

০৮/১১/২০২২

(মোঃ আক্তারুজ্জামান ভূঞা)

উপপরিচালক (শারীরিক শিক্ষা)

এবং

সম্পাদক

বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।

ফোন : ০২-৪১০৫০৪৪৮

ই-মেইল : [ddphysical@gmail.com](mailto:ddphysical@gmail.com)